# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**ভূমি ও রাজস্ব পরিদপ্তর**
পানিভবন, (ব্লক-ই, লেভেল-১) ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ +৮৮ ০২২২২২৩০০৫৬
ই-মেইল ঃ dir.land@bwdb.gov.bd
ওয়েবসাইট : www.bwdb.gov.bd

**Directorate of Land & Revenue**
Pani Bhaban (Block-E, Level-1), 72 Green Road, Dhaka-1205
Phone: + 88 02222230056
E-mail: dir.land@bwdb.gov.bd
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.২০৩.৭২.০০২.২৩-২৪৫

তারিখ- ২৮ চৈত্র ১৪২৯ বঃ। / ১১ এপ্রিল ২০২৩ খ্রিঃ।

## দপ্তরাদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রতিনিয়ত ভূমি অধিগ্রহণ করে থাকে। প্রকল্প মেয়াদের মধ্যে প্রকল্পের জন্য ডিপিপিতে অনুমোদিত ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিয়মতান্ত্রিক ও যথাযথভাবে সম্পন্নকরনের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তির লক্ষ্যে ভূমি অধিগ্রহণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন না করেই প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়। ফলশ্রুতিতে কোন কোন ক্ষেত্রে ভূমি অধিগ্রহনে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ ক্ষতিপূরনের অর্থ প্রাপ্তি হতে বঞ্চিত হন। কিন্তু প্রকল্পের মেয়াদ সমাপ্তির পর ক্ষতিপূরনের উক্ত অর্থ পরিশোধের আর কোন সুযোগ থাকে না। যে কারনে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ আদালত ও মানবাধিকার কমিশনসহ বিভিন্ন পর্যায়ে প্রাপ্য ক্ষতিপূরণ পাওয়ার জন্য আবেদন করেন। সম্প্রতি এধরনের আবেদনের প্রেক্ষিতে মানবাধিকার কমিশন হতে বাপাউবো'র বিরুদ্ধে আদেশ জারী করা হয়েছে। এছাড়া এতদসংক্রান্ত বিষয়ে ক্ষতিগ্রস্তদের পক্ষ হতে বিভিন্ন সময়ে আদালতে দায়েরকৃত মামলায় বোর্ডকে বিব্রতকর পরিস্থিতির মুখোমুখি হতে হচ্ছে। এর ফলে একদিকে বিভিন্ন পর্যায়ে বাপাউবো'র ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে, অপরদিকে ক্ষতিগ্রস্ত ব্যাক্তিবর্গ ক্ষতিপূরণ প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে, যা কোন ভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, জনস্বার্থে প্রকল্প মেয়াদকালের মধ্যে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিয়মতান্ত্রিক ও যথাযথভাবে সম্পন্নকরনের বিষয়টি নিশ্চিতকরনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায়, প্রকল্প মেয়াদ পরবর্তী সময়ে এতদসংক্রান্ত বিষয়ে উদ্ভুত যে কোন পরিস্থিতির যাবতীয় দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১১/৪/২০২৩

(মোঃ রেজাউল করিম)
পরিচালক
আইডি নং-৬৭০৩০১০০৪

স্মারক নং-৪২.০১.০০০০.২০৩.৭২.০০২.২৩-২৪৫

তারিখ- ২৮ চৈত্র ১৪২৯ বঃ। / ১১ এপ্রিল ২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো-

১) প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), বাপাউবো।
২) প্রকল্প পরিচালক, (সকল প্রকল্প), বাপাউবো।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল পওর/পানি উন্নয়ন সার্কেল), বাপাউবো।
৪) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫) সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬) নির্বাহী প্রকৌশলী, পওর/পানি উন্নয়ন বিভাগ (সকল), বাপাউবো।
৭) সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব)(সকল পওর/পানি উন্নয়ন সার্কেল), বাপাউবো।
৮) ব্যক্তিগত সহকারী অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৯) সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল পওর/পানি উন্নয়ন বিভাগ), বাপাউবো।
১০) অফিস কপি/মাষ্টার কপি।

১১/০৪/২০২৩

(মোঃ আবদুর রশিদ মোল্লাহ্)
উপ-পরিচালক (অঃ দাঃ)
আইডি নং-৬৬০১১৫০০৩